আজকের কাগজ

তারিখ 30 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

07

# বগুড়ায় বিদ্যালয়ে ভর্তি সমস্যা প্রকট ।। ছাত্র-ছাত্রীরা উদ্বিগ্ন

চলতি বছরে বগুড়া জেলায় প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আসন সংখ্যা সীমিত হওয়ার কারণে ছাত্র ভর্তি সমস্যা প্রকট হয়ে উঠেছে। ফলে জেলার বিদ্যালয়ে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা চরম উদ্বিগ্ন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, জেলায় বর্তমানে স্কুল গমনোপযোগী শিশু সংখ্যা ৪ লাখ ১৮ হাজার ৮শ' ৮০ জন। বর্তমানে বিদ্যালয়ে পড়াশুনা করে ৩ লাখ ১০ হাজার ১শ' ৪২ জন শিশু। বাকি শিশুরা নানাবিধ কারণে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। অন্যদিকে বগুড়া সদরের একমাত্র সরকারি জেলা স্কুলে চলতি বছরে ৩টি শ্রেণীতে মোট ২শ' ৬৭টি আসনের জন্যে ১ হাজার ৩শ' ৩৫টি ভর্তি ফর্ম বিক্রি হয়েছে। এর মধ্যে ৩য় শ্রেণীতে ২ শিফটে ২শ' আসনের জন্যে ৭শ' ৪৫টি ফর্ম, ৬ষ্ট শ্রেণীতে ৪৩টি আসনের জন্যে ৪শ' ৫৯টি ফর্ম ও ৯ম শ্রেণীতে ২৪টি আসনের জন্যে ১শ' ৩১টি ভর্তি ফর্ম বিক্রি হয়েছে। এছাড়াও বগুড়া সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে এবার শুধুমাত্র ৩য় শ্রেণীতে ছাত্রী ভর্তি করা হচ্ছে বলে জানা গেছে। সবার জন্যে শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বগুড়ায় আরো নতুন বিদ্যালয় স্থাপন অথবা বিদ্যালয়ের আসন সংখ্যা বৃদ্ধির ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি ভিত্তিতে দৃষ্টি দেয়া প্রয়োজন বলে অভিভাবকরা মত পোষণ করেন। বগুড়া থেকে আরিফ রেহমান।